

সব বিশ্ববিদ্যালয়ে ভর্তি এক পরীক্ষা

ডা. দীপু মনি, শিক্ষামন্ত্রী

ভেড়ামারা (কুষ্টিয়া) প্রতিনিধি

১৬ মার্চ ২০২৩ ১২:০০ এএম

| আপডেট: ১৫ মার্চ ২০২৩

১১:৫২ পিএম



advertisement

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, আগামী বছর থেকে সব বিশ্ববিদ্যালয়ে ভর্তি একটা পরীক্ষা রাখা হবে। ওই একটা পরীক্ষার মাধ্যমে জাতীয় মেধাক্রমে বিশ্ববিদ্যালয়ে ভর্তি নেওয়া হবে। গুচ্ছ পদ্ধতিতে ভর্তি কার্যক্রমে হয়রানি ও ব্যয় কমেছে। তবে, নতুন কোনো সিস্টেম চালু

advertisement

করতে গেলে সেখানে কিছু সমস্যা হয়ই। এক্ষেত্রেও কিছু সমস্যা হচ্ছে। আগামী বছর থেকে অন্যান্য দেশের মতো সব বিশ্ববিদ্যালয়ের অংশগ্রহণে একটিমাত্র ভর্তি পরীক্ষা হবে। জাতীয় একটি মেধা তালিকা হবে। সে তালিকা অনুযায়ী শিক্ষার্থীরা ভর্তি হবে।

গতকাল বুধবার দুপুরে কুষ্টিয়ার দৌলতপুর কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান মেলা উদ্বোধন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন মন্ত্রী।

advertisement

ডা. দীপু মনি বলেন, বর্তমান সরকার স্মার্ট বাংলাদেশ গড়তে চায়। এ জন্য স্মার্ট নাগরিক গড়তে শিক্ষার কোনো বিকল্প নেই। স্মার্ট নাগরিক তৈরিতে সহায়ক শিক্ষাক্রম নিয়ে কাজ করছে সরকার। একটি চক্র এ শিক্ষাক্রমকে বাধাগ্রস্ত করতে চায়। নতুন শিক্ষাকর্মের আলোকে ছাপানো বইয়ে যা নেই তা উপস্থাপন করা হচ্ছে। এডিট করে অপ্রচার চালানো হচ্ছে। তারা শিক্ষার্থীদের মগজধোলাইয়ের পদ্ধতি বহাল রাখতে এ কাজ করছে। আমাদের শিক্ষার্থীরা মগজ ধোলাইয়ের শিকার হবে না। তারা ভাবতে শিখবে, পৃথিবীকে জানবে। তাদের সেই চিন্তা ও মননশীলতার জায়গাটা স্বাভাবিক রাখতে সরকার সবকিছু করবে।

শিক্ষামন্ত্রী আরও বলেন, র্যাগিং সামাজিক সমস্যা। সমন্বিত উদ্যোগে এর বিরুদ্ধে একটি সংস্কৃতি গড়ে তুলতে হবে।

সময় আরও উপস্থিতি ছিলেন স্থানীয় সংসদ সদস্য অ্যাডভোকেট আ কা ম সরওয়ার জাহান বাদশাহ, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডক্টর মশিউর রহমান। এ বিজ্ঞান মেলায় ১৮টি কলেজ অংশ নিচ্ছে।